বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
আইন বিভাগ, বোর্ড সচিবালয়
রুম নং- ৭০২, লেভেল- ৭, পানি ভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা।
ফোন: ০২২২২২৩০০৫৫, ইমেইল: dd.legal.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.৬৭৬.০৪.০৬০.২২-৭৭৩

তারিখ: ০৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

# পরিপত্র

বিষয়: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে কাজ প্রদান বিষয়ক নির্দেশনা সংক্রান্তে পানি সম্পদ মন্ত্রণালয় হতে জারিকৃত ১০/০৩/২০২২ তারিখের অফিস স্মারক অনুসরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলমান কাজসমূহ সম্পন্ন না হওয়া পর্যন্ত ০৮/০৩/২০২২ তারিখ হতে ১৬টি ঠিকাদারি প্রতিষ্ঠান বোর্ডের আওতায় আর কোন টেন্ডারে অংশগ্রহণ করতে পারবেন না এবং নতুন কাজ প্রাপ্ত হবেন না মর্মে পানি সম্পদ মন্ত্রণালয় এর স্মারক নং-৪২.০০.০০০০.০৩৪.১৪.০১৪.১৯.৮৩ তারিখ: ১০/০৩/২০২২ মূলে নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)। উক্ত পত্রকে আইনগত কর্তৃত্ব-বহির্ভুত এবং আইনগত ভিত্তি নেই মর্মে ঘোষণা করার আদেশ চেয়ে মেসার্স সালেহ আহমেদসহ ৮টি ঠিকাদারি প্রতিষ্ঠান এবং মোহাম্মদ ইউনুছ এন্ড ব্রাদার্স প্রা: লি: কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে যথাক্রমে ৩৬৮২/২০২২ এবং ৩৬৯২/২০২২ নং রিট পিটিশন দায়ের করা হয়। এ রিট পিটিশন ২টির মোশন শুনানীতে কেন উপরিউক্ত স্মারক পত্রকে আইনগত কর্তৃত্ব-বহির্ভুত এবং আইনগত ভিত্তি নেই মর্মে ঘোষণা করা হবে না, তার কারণ জানতে চেয়ে মহামান্য হাইকোর্ট কর্তৃক রুল ইস্যু করা হয় এবং নালিশী পত্রের কার্যকারিতা স্থগিত করে দিয়ে যথাক্রমে ১৪/০৩/২০২২ ও ১৫/০৩/২০২২ তারিখে দুটি পৃথক অন্তর্বর্তীকালীন আদেশ জারি করা হয়।

২। রিট পিটিশন নং- ৩৬৮২/২০২২ এর ওপর মহামান্য হাইকোর্ট প্রদত্ত ১৪/০৩/২০২২ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ বাতিল/স্থগিতের লক্ষ্যে মহামান্য আপীল বিভাগে প্রথমে বোর্ডের পক্ষে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল (সিপিএলএ) নং- ১৩৪৩/২০২২ এবং পরবর্তীতে পানি সম্পদ মন্ত্রণালয়ের পক্ষে সিপিএলএ নং- ১৫৫৩/২০২২ দায়ের করা হয়। পাশাপাশি রিট পিটিশন নং- ৩৬৯২/২০২২ এর ওপর মহামান্য হাইকোর্ট প্রদত্ত ১৫/০৩/২০২২ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ বাতিল/স্থগিতের লক্ষ্যে মহামান্য আপীল বিভাগে প্রথমে বোর্ডের পক্ষে সিপিএলএ নং- ১৩৪২/২০২২ এবং পরবর্তীতে পানি সম্পদ মন্ত্রণালয়ের পক্ষে সিপিএলএ নং- ১৫৫২/২০২২ দায়ের করা হয়। এ সিভিল পিটিশন ফর লীভ টু আপীল (সিপিএলএ) ৪টির শুনানী শেষে হাইকোর্ট বিভাগ প্রদত্ত ১৪/০৩/২০২২ ও ১৫/০৩/২০২২ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ দুটি রিট পিটিশনের রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত করে দিয়ে উক্ত ৪টি সিপিএলএ নিষ্পত্তিপূর্বক মহামান্য আপীল বিভাগ কর্তৃক বিগত ১৭/১০/২০২২ তারিখে আদেশ প্রদান করা হয়। মহামান্য আপীল বিভাগ প্রদত্ত উক্ত আদেশ অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয় এর স্মারক নং-৪২.০০.০০০০.০৩৪.১৪.০১৪.১৯.৮৩ তারিখ: ১০/০৩/২০২২ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসরণের ক্ষেত্রে আইনগত বাধা অপসারিত হয়ে গিয়েছে।

৩। বর্ণিত অবস্থায়, পানি সম্পদ মন্ত্রণালয় এর স্মারক নং-৪২.০০.০০০০.০৩৪.১৪.০১৪.১৯.৮৩ তারিখ: ১০/০৩/২০২২ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করা হলো।

৪। এ পরিপত্র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

২৫.১০.২০২২

ওবায়দুল ইসলাম
সচিব
বাপাউবো, ঢাকা
আইডি নং- ৬৭০২০১০০৩
সেল# ০১৭১১১৪৮২৭০০



E:\Official Work\Office Order.doc

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
আইন বিভাগ, বোর্ড সচিবালয়
রুম নং- ৭০২, লেভেল- ৭, পানি ভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা।
ফোন: ০২২২২২৩০০৫৫, ইমেইল: dd.legal.bwdb@gmail.com



স্মারক নং-৪২.০১.০০০০.৬৭৬.০৪.০৬০.২২-৭৭৩

তারিখ: ০৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ / ২৫ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্ঞাতার্থে):

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সচিব
বাপাউবো, ঢাকা

স্মারক নং-৪২.০১.০০০০.৬৭৬.০৪.০৬০.২২-৭৭৩

তারিখ: ০৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ / ২৫ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (কার্যার্থে):

১। প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক/প্রধান (সকল), ..................., বাপাউবো, ................

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল), ......................, বাপাউবো,.............

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। অত্র পরিপত্র বোর্ডের ওয়েসাইটে আপলোড করার জন্য

৫। নির্বাহী প্রকৌশলী (সকল), ......................, বাপাউবো,....................

৬। অফিস কপি/মাস্টার কপি

২৫।১০।২০২২
বদরুল আলম
সহকারী পরিচালক (আইন- ৩)
আইডি নং- ৮৭০৭২৫০০১

E:\Official Work\Office Order.doc

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পানি সম্পদ মন্ত্রণালয়

উন্নয়ন-১ অধিশাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.mowr.gov.bd

তাগিদপত্র

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৪.১৪.০১৪.১৯.৮৩

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮
১০ মার্চ ২০২২

বিষয়: উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে কাজ প্রদান বিষয়ক নির্দেশনা।

সূত্র: (১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৫৭, তারিখ: ০৩-১০-২০১৯ খ্রি:।
(২) সিপিটিইউ'র স্মারক নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-২০২, তারিখ: ১০-১০-২০১৯ খ্রি:।
(৩) বাপাউবো'র প্রতিবেদন: স্মারক নং-৩৯১; তারিখঃ ১০-০২-২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, একাধিক কাজ নিয়ে যাঁরা কাজের মান ও সময় ঠিক রাখতে পারেনা তাঁরা প্রাপ্ত কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত আর কোন কাজ পাবে না মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা রয়েছে এবং সিপিটিইউ কর্তৃক উক্ত নির্দেশনা প্রতিপালনের তাগিদ প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিবেদন পর্যালোচনান্তে নিম্নোক্ত ১৬টি ঠিকাদারী প্রতিষ্ঠানকে চলমান কাজসমূহ সম্পন্ন না হওয়া পর্যন্ত আর কোন কাজ প্রদান না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্র: নং | ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের নাম | ক্র: নং | ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের নাম |
|---|---|---|---|
| ০১ | মেসার্স সালেহ্ আহমেদ | ০৯ | ন্যাশনটেক |
| ০২ | মের্সাস আমিন এন্ড কোং | ১০ | ইউনুস এন্ড ব্রাদার্স |
| ০৩ | গোলাম রব্বানি কনস্ট্রাকশন লি: | ১১ | তাজওয়ার ট্রেড সিস্টেম লি: |
| ০৪ | মেসার্স আবুল কালাম আজাদ | ১২ | মেসার্স এ. এস. কনস্ট্রাকশন |
| ০৫ | মো: নূর হোসাইন | ১৩ | মো: লিয়াকত আলি |
| ০৬ | নুনা ট্রেডার্স | ১৪ | মেসার্স হাসান এন্ড ব্রাদার্স |
| ০৭ | মেসার্স রহমান ইঞ্জিনিয়ারিং | ১৫ | এম.এম. বিল্ডার্স এন্ড ইঞ্জিনিয়ারিং লি: |
| ০৮ | মেসার্স মোস্তফা এন্ড সন্স | ১৬ | আতাউর রহমান খান লি: |

০২। উপরোল্লিখিত নির্দেশনা মোতাবেক ০৮/০৩/২০২২ তারিখ হতে উপর্যুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় আর কোন টেন্ডারে অংশগ্রহণ করতে পারবেন না এবং উক্ত তারিখের পূর্বে টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণকারীর সংশ্লিষ্ট কাজ উপরোক্ত নির্দেশনার আওতামুক্ত থাকবে।

সংযুক্তি: বর্ণনামতে।

১৪-৩-২২
এ এইচ এম আনোয়ার পাশা
উপসচিব
ফোন: ০২২৩৩৫৬৭৭৮

মহাপরিচালক

মহাপরিচালক-এর দপ্তর
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ইমেইল: dev1@mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৪.১৪.০১৪.১৯.৮৩/১(৮)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮
১০ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৩) মহাপরিচালক, মহাপরিচালক (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়/বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮) অফিস কপি।

১৫-৩-২০২২
এ এইচ এম আনোয়ার পাশা
উপসচিব